

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.১১৬

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৭

১৫ সেপ্টেম্বর ২০২০

বিষয়: বাস্তুবায়নাধীন “১১ টি মডার্ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় রাজেন্দ্রপুর চৌরাস্তা, গাজীপুর ফায়ার স্টেশনের জমি অধিগ্রহণের নিমিত্ত অনাপত্তি পত্র প্রদান সংক্রান্ত।

সূত্র: ৫৮.০৩.৪০.২০৫.১৪.১২৭.২০১৯-৪২৩, তারিখ: ২৭/০৫/২০১৯ ইং

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক জানানো যাচ্ছে যে, বাস্তুবায়নাধীন “১১ টি মডার্ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় রাজেন্দ্রপুর চৌরাস্তা, গাজীপুর ফায়ার স্টেশনের জন্য ১.১৪ একর জমি অধিগ্রহণের জন্য অনাপত্তি পত্র চেয়ে আবেদন করেছে। মৌজা (ম্যাপ সংযুক্তি-০১) শিডিউল নিম্নরূপ:

উপজেলা নাম	মৌজা নাম	জে এল নং	শিট নং	আর এস দাগ নং	জমির পরিমাণ (একর)	পূর্ণ/আংশিক
জয়দেবপুর	বারুইপাড়া	০৪	১১	৩৫৩৫	১.১৪	আংশিক

তদু প্রেক্ষিতে উক্ত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে যার গুগল ম্যাপ (ম্যাপ সংযুক্তি-০২)। পরিদর্শন প্রতিবেদন (সংযুক্তি-০৩) অনুযায়ী প্রস্তাবিত জমি বাউন্ডারী ওয়াল ও তারকাঁটা যুক্ত পিলার দ্বারা বেষ্টিত রয়েছে। প্রস্তাবিত জমিতে প্যাকেজিং ফ্যাক্টরী নির্মাণের জন্যে আংশিক জমিতে গ্রেডবীম ও কলাম তৈরী করা রয়েছে, দুইটি গার্ড রুম রয়েছে, অবশিষ্ট জমি খালি পড়ে আছে। এছাড়া প্রস্তাবিত জমির মধ্যে প্রায় ৮ ফুট চওড়া কাঁটা রাস্তা (আংশিক) রয়েছে, রাস্তার উপরে একটি কালভার্ট (আংশিক) রয়েছে।

এমতাবস্থায়, গাজীপুর জেলার রাজেন্দ্রপুর চৌরাস্তায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন এর জন্য পরিদর্শন প্রতিবেদন এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত ১.১৪ (এক দশমিক এক চার) একর জমি অধিগ্রহণে নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নাই।

০১. প্রস্তাবিত জমির সীমানা সংলগ্ন স্থানে রাস্তার জমি সংরক্ষণ পূর্বক নিজস্ব Access Road তৈরী করতে হবে।

০২. বন বিভাগ ও পরিবেশ অধিদপ্তরের অনাপত্তি পত্র গ্রহণ করতে হবে।


০৩. প্রস্তাবিত জমিতে স্থাপনা নির্মাণ করা হলো উক্ত এলাকায় পানির প্রবাহ অক্ষুণ্ন রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা

গ্রহন করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি গাজীপুর জেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

**সংযুক্তি:**

০১. প্রকল্প এলাকার মৌজা ম্যাপ।
০২. পরিদর্শন প্রতিবেদন।
০৩. প্রকল্প এলাকা চিহ্নিতপূর্বক গুগল ম্যাপ।



১৫-৯-২০২০

আহমেদ আখতারুজ্জামান  
সিনিয়র প্ল্যানার

মো: শহীদ আতাহার হোসেন, প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালক এর কার্যালয়, ১১ টি মডার্ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনস্থাপন শীর্ষক প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.১১৬/১(৪)

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৭  
১৫ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ৪) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর



১৫-৯-২০২০

জাকিয়া সুলতানা  
প্ল্যানার